

ওরা গিয়েছিল চুপিচুপি!



প্রতিবেদন: পিয়াস, ময়মনসিংহ থেকে।

করোনা ভাইরাসের কারণে বিপদাপন্ন মানুষের পাশে দাঁড়িয়েছে ইয়ুথ এন্ডিং হান্গার টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলায় ইয়ুথ লিডারদের সংগঠন “ইবরাহীম খাঁ”র আলোকিত ভূঞাপুর। সংগঠনের সদস্যরা নিজেরা চাঁদা দিয়ে এবং অন্যদের সাহায্য নিয়ে খাদ্য সামগ্রী ক্রয় করে রাতের আঁধারে অসহায় মানুষের বাড়ি বাড়ি গিয়ে সকলের অগোচরে দরজার সামনে রেখে এসেছে। ২ এপ্রিল ৪০টি এবং ৫ এপ্রিল ২৩টি পরিবারের মধ্যে তারা এভাবে খাদ্য সামগ্রী বিতরণ করেন। তারা এই মানবিক উদ্যোগ চালিয়ে যাবেন এবং অন্তত ২০০ পরিবারকে সহায়তা করবেন বলে জানিয়েছেন।

কার্যক্রমের সাথে অন্যান্যদের মধ্যে যুক্ত ছিলেন ইয়ুথ এন্ডিং হান্গার টাঙ্গাইল জেলা সমন্বয়কারী স্বপ্না ইসলাম, যুগ্ম সমন্বয়কারী আইনালসহ সজিব, ফারুক, আরিফ, কামরুল, শোভা, পায়েল এবং ভূঞাপুর উপজেলার অন্যতম ইয়ুথ লিডার কামরান পারভেজ ইভান প্রমূখ।

ক্ষুধার্ত কুকুরের জন্য মমতা!

প্রতিবেদন, মোঃ তারিফ-উল ইসলাম তানিন, রংপুর থেকে।
ইয়ুথ এন্ডিং হান্গার রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার সমন্বয়ক মোঃ রুবেল হাসানের উদ্যোগে ১৩ জন ইয়ুথ লিডার কয়েকটি গ্রুপে বিভক্ত হয়ে পীরগঞ্জ উপজেলার চতরা বাজারের সকল অলি গলি, মোটরবাইক, ভ্যান, রিক্সাসহ সকল ধরনের যানবাহনে জীবানুনাশক ওষুধ স্প্রে করেন এবং সর্বস্তরের জনগণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করেন। এছাড়াও তারা হোটেল এবং দোকানপাট সব বন্ধ থাকায় রাস্তা ও বাজারের খাবার না পাওয়া কুকুরগুলোকে খিচুড়ি খাওয়ান।

কার্যক্রম শেষে ইয়ুথ লিডাররা সবাই সংকট দূর না হওয়া পর্যন্ত এই মানবিক কর্মসূচি চালিয়ে যাওয়ার শপথ করেন। তাদের কার্যক্রম এলাকায় ব্যাপকভাবে প্রশংসিত হয়।



বিপদাপন্ন মানুষের পাশে পটুয়াখালি ইয়ুথ লিডাররা

প্রতিবেদন, এস কে সাদিক, পটুয়াখালি থেকে।

পটুয়াখালী জেলার পুরান বাজার এলাকার প্রবীণ মানুষটি কারও কাছ থেকেই কোনো সহায়তা পাচ্ছিলেন না। সম্প্রতি খাদ্য সংকটে খুবই বিপদাপন্ন হয়ে পড়েন তিনি। এমতাবস্থায় পাশে দাঁড়ায় ইয়ুথ এন্ডিং হান্গারের স্থানীয় সদস্যরা। তারা চাল, ডাল, তেল, লবন, আলু কিনে পরিবারটিকে সহযোগিতা করেন। একইসাথে ইয়ুথ লিডাররা পৌর কাউন্সিলর কে ওই পরিবারসহ আরো কয়েকটি পরিবারের দুরবস্থা সম্পর্কে অবগত করেন, যারা খাদ্য সংকটে আছে। কাউন্সিলর তাদের সহায়তার আশ্বাস দেন।



সবাই মিলে **শপথ করি**
করোনা ভাইরাসমুক্ত গ্রাম গড়ি



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি

সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব

প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হান্গার বাংলাদেশ; সহযোগিতায়: দি হান্গার প্রজেক্ট বাংলাদেশ

২/২, হেরাল্ডিক হাইটস, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা ১২০৭, yeh.bd@thp.org; www.thpbd.org

THE HUNGER PROJECT